

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটি

অফিস- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

পত্র নং: আশিবো/১০২

তারিখ: ০৯/১১/২০২১খ্রি.

বিষয়: করোনা ভাইরাস (COVID-19) পরিস্থিতিতে ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা গ্রহণ না করা এবং জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১৭-৬২৩, তারিখ-০৪/১১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি এবং শ্রেণিকক্ষে শিক্ষা-শেখানো কার্যক্রম বিবেচনায় ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠানকে বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করে নবম শ্রেণিতে উত্তীর্ণ করতে হবে। ২০২১ সালের জেএসসি পরীক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের মূল্যায়ন করে প্রস্তুতকৃত ফলাফলের ভিত্তিতে বোর্ড থেকে উত্তীর্ণ সনদ প্রদানের জন্য আগামী ০৬/১২/২০২১ থেকে ১৩/১২/২০২১ তারিখের মধ্যে জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের ফরমপূরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।


০২/১১/২০২১

অধ্যাপক নৈহাল আহমেদ

সভাপতি

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটি

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ০২-৯৬১৫২৩৫

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন জেএসসি পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

সদয় অবগতি ও কার্যার্থে:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী/কুমিল্লা/যশোর/
চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ অধিশাখা
www.shed.gov.bd




নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১৭-৬২৩

তারিখ: ১৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: করোনা ভাইরাস (COVID-19) পরিস্থিতিতে ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং
জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা গ্রহণ না করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি এবং শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রম
বিবেচনায় ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা
গ্রহণ না করে স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমে বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করে
প্রস্তুতকৃত ফলাফল অনুযায়ী বোর্ড কর্তৃক উত্তীর্ণ সনদ প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের নবম শ্রেণিতে উন্নীত করার
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


খালেদা আখতার
মুখ্যসচিব
ফোন: ৯৫৭৬৭৮০

বিতরণ (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড.....(সকল)
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

অনুলিপি (সদর অবগতি/ অবগতির জন্য):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়